টুঙ্গিপাড়ায় পুলিশের গাড়িতে আগুন, মামলার বাদী এসআইকে কুপিয়ে জখম



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় পুলিশের গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় করা মামলার বাদী উপপরিদর্শক (এসআই) মোসলেম আলীর ওপর হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। রোববার বিকেলে উপজেলা সদরে দায়িত্ব পালনকালে তাকে কুপিয়ে আহত করা হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে টুঙ্গিপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তার মাথায় আঘাতের চিহ্ন রয়েছে।

পুলিশ জানায়, গত ১০ নভেম্বর টুঙ্গিপাড়ায় পুলিশের গাড়ি ভাঙচুর ও আগুন দেওয়ার ঘটনায় সন্ত্রাসবিরোধী আইনে ২ হাজার ২২৪ জনকে আসামি করে মামলা করেন এসআই মোসলেম আলী।

মামলার এজাহারে বলা হয়েছে, ওই দিন নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতাকর্মীরা উপজেলার পাটগাতী চৌরাস্তায় জড়ো হয়ে সড়কে টায়ার জ্বালিয়ে অবরোধ করেন। পরে আওয়ামী লীগ, যুবলীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা তাঁদের সঙ্গে যোগ দিয়ে মিছিল বের করেন। একপর্যায়ে তাঁরা সড়কে পুলিশের গাড়ির পথ আটকে দেশীয় অস্ত্র নিয়ে পুলিশ সদস্যদের ওপর হামলা চালান। লাঠিসোঁটা দিয়ে গাড়ির সব কাচ ভাঙচুরের পর পেট্রল ঢেলে তাতে আগুন দেওয়া হয়।

এজাহার অনুযায়ী, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ বারবার বিক্ষোভকারীদের সরে যাওয়ার অনুরোধ করলেও তাঁরা তা উপেক্ষা করেন। পরে সরকারি সম্পত্তি ও পুলিশ সদস্যদের নিরাপত্তা এবং আত্মরক্ষার জন্য পুলিশ ১০ রাউন্ড রাবার বুলেট, পাঁচ রাউন্ড টিয়ার শেল ও তিনটি সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। পরে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেন।

এদিকে কয়েক দিন ধরে গোপালগঞ্জের বিভিন্ন স্থানে সড়ক অবরোধ করে মিছিল ও সমাবেশ করছেন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

টুঙ্গিপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আইয়ুব আলী বলেন, রোববার বিকেলে দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে উপজেলা সদরে মিছিল বের করেন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। এ সময় দায়িত্ব পালন করছিলেন এসআই মোসলেম আলী। পুলিশের গাড়িতে অগ্নিসংযোগের মামলার বাদী হওয়ায় তাঁর ওপর হামলা চালানো হয়েছে বলে জানান তিনি। হামলাকারীরা তাঁকে কুপিয়ে গুরুতর আহত করে।